



“রিকোয়েস্ট ফর কোটেশন”  
-ঃ নোটিশ ঃ-

প্রধান প্রকৌশলীর দপ্তর,  
ঢাকা বিশ্ববিদ্যালয়,  
ঢাকা-১০০০

নিম্নে বর্ণিত কাজের জন্য “Request for Quotation Method-এ” অনুরূপ কাজের অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারদের নিকট হইতে সীলমোহরকৃত কোটেশন আহবান করা যাইতেছে। কোটেশন সমূহ আগামী ০১/০৯/২০২১ তারিখ দুপুর ১২.০০টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত টেন্ডার বাঞ্চে ফেলা যাইবে এবং ঐদিনই দুপুর ১২.৩০ মিনিটের সময় কোটেশন দাতাদের মধ্যে যদি কেহ উপস্থিত থাকিতে চাহেন তাহাদের সনুখে **Tender Opening Committee** কর্তৃক পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন অফিস কক্ষে খোলা হইবে। অত্রই ঠিকাদারগণ কোটেশনের দিন ছাড়া সকল কার্য দিবসে প্রধান প্রকৌশলীর অফিস হইতে সিডিউল, নোটিশ ও শর্তাবলী ইত্যাদি (অফিস চলাকালীন সময়ে) সংগ্রহ করিতে পারিবেন। কোটেশন দাখিলের সময় হাল নাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন ও ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট জমা দিতে হবে। কাজের পূর্ণ বিবরণ নিম্নে দেওয়া হইল।

ক্রঃ নং	কাজের নাম	কাজ সম্পাদনের সময় সীমা
১।	ঢাকা বিশ্ববিদ্যালয় কবি জসীম উদ্দীন হলের টিভি রুম, ডাইনিং রুম, মসজিদের বহিরাংশের দেয়াল ও হলের পশ্চিম দিকের বাউন্ডারী ওয়াল রং করণ কাজ।	৩০ দিন।
২।	ঢাকা বিশ্ববিদ্যালয় হাজী মুহম্মদ মুহসীন হলের প্রবেশদ্বারের সামনের লন সংস্কার করণ কাজ।	১২ দিন।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন বা উহার অংশ বিশেষ বাতিল বা গ্রহন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সংরক্ষিত থাকিবে এবং কর্তৃপক্ষের রায়ই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। কোটেশনে অংশ গ্রহনকারী ঠিকাদারকে খামের উপর “কোটেশন” কথাটি লিখিয়া কাজের নাম ও তাহাদের ফার্মের নাম স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।

(মোঃ মঈন উদ্দীন)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জোন-৩  
ঢাকা বিশ্ববিদ্যালয়।

মেমো নং: ৩৫৭/১ / প্রকৌঃ

তারিখ : ২/৯ / ১৪২৮ বাং  
২৪/৮ / ২০২১ ইং